



নিলাম বিজ্ঞপ্তি

বর্ডার গার্ড বাংলাদেশ, সেক্টর সদর দপ্তর, কুষ্টিয়া

১। সেক্টর সদর দপ্তর, কুষ্টিয়ায় নিম্নবর্ণিত মালামাল নিলামে বিক্রয়ের নিমিত্তে ঠিকাদার/ফার্ম/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে :

ক। সৈনিকদের ব্যবহৃত অর্ডন্যান্স দ্রব্যাদি (মশারী/বুট ডিএমএস/সুতি দড়ি/পিটি সুজ/জংগল বুট/কিট ব্যাগ/এ্যালুমিনিয়াম এবং অন্যান্য দ্রব্যাদি)

২। দরপত্র সিডিউল (ছুটির দিন ব্যতীত) প্রত্যহ অফিস চলাকালীন সময় (০৯০০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত) সৈনিকদের ব্যবহৃত অর্ডন্যান্স দ্রব্যাদির জন্য ৪০০/- (চারশত) টাকার (অফেরত যোগ্য) বিনিময়ে ১৫ অক্টোবর ২০১৭ তারিখ পর্যন্ত পাওয়া যাবে।

৩। দরপত্র আগামী ১৬ অক্টোবর ২০১৭ তারিখ ১১৫৫ ঘটিকার মধ্যে সেক্টর সদর দপ্তর, কুষ্টিয়ায় রক্ষিত বাস্তব দাখিল করতে হবে এবং ঐ দিনই ১২০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

৪। দরপত্রের সিডিউলের সাথে সেক্টর কমান্ডার, বিজিবি কুষ্টিয়ার অনুকূলে (পৃথক পৃথক ভাবে) ১০,০০০/- (দশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ফেরত যোগ্য) নিরাপত্তা জামানত হিসেবে অবশ্যই জমা দিতে হবে।

৫। দরপত্রের সিডিউলের সর্বোচ্চ দর দাতাকে তাৎক্ষণিক ভাবে নিলাম মূল্যের ৫০% মূল্য পরিশোধ করতে হবে এবং অবশিষ্ট মূল্য পরিশোধ সাপেক্ষে মালামাল গ্রহণ করতে হবে। সরকারী নিয়মানুযায়ী মূল্যের ৫% আয়কর এবং ৪% ভ্যাট প্রদান করতে হবে।

৬। দরপত্র খোলার দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না এবং নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র গ্রহণ করা যাবে না।

৭। সরকারী নিয়মানুযায়ী যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান মালামাল ক্রয়ের দরপত্র দাখিল করতে পারেন।

৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম কার্য স্থগিত অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ভারপ্রাপ্ত অতিরিক্ত পরিচালক (অপারেশন)
সেক্টর কমান্ডারের পক্ষে